অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/5/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল বাদ দেওয়া নিউ ইয়র্কবাসীদের ইডা হারিকেনের ত্রাণ প্রদানের জন্য সময়সীমা বাড়ানোর ঘোষণা করেছেন

ক্ষতিগ্রস্ত নিউ ইয়র্কবাসীদের এখন 4 জানুয়ারি পর্যন্ত আবেদন করার সময় আছে যদিও ক্ষতিগ্রস্ত এলাকাগুলিতে নির্বাচিত সম্প্রদায়ের সংস্থাগুলি পুনরুদ্ধারের জন্য সহায়তা পাবে

নির্বাচিত অলাভজনক সংস্থাগুলি সেই বাসিন্দাদের সাথে সরাসরি কাজ করবে যারা FEMA সহায়তার জন্য যোগ্য নয়

যারা ONA হটলাইন 1-800-566-7636 এ কল করেন সেই বাসিন্দাদের সাহায্য করার জন্য প্রোগ্রামটি অব্যাহত রয়েছে

রিলিজের স্প্যানিশ অনুবাদ উপলব্ধ এখানে

গভর্নর ক্যাথি হোচুল আজ ঘোষণা করেছেন যে হারিকেন ইডার অবশিষ্টাংশের কারণে ঝড় ও বন্যার বঞ্চিত ভুক্তভোগীদের ত্রাণ প্রদান করতে ইডা ত্রাণের তহবিলের জন্য আবেদনের সময়সীমা 4 জানুয়ারী পর্যন্ত বাড়ানো হবে। যে নিউ ইয়র্কবাসীরা ফেডারল এমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সির (Federal Emergency Management Agency, FEMA)ব্যক্তিগত সহায়তার প্রোগ্রাম বা অন্যান্য উপায়ের মাধ্যমে ঝড় থেকে পুনরুদ্ধারের সহায়তা পাওয়ার যোগ্য নন যারা তারা সেই তহবিলের জন্য আবেদন করতে পারেন যা সম্প্রদায়ের সংস্থাগুলির একটি প্রতিষ্ঠিত নেটওয়ার্কের মাধ্যমে বিতরণ করা হচ্ছে।

"হারিকেন ইডার পরবর্তীকালে আমরা এই বিধ্বংসী ঝড় থেকে সকল নিউ ইয়র্কবাসীদের পুনরুদ্ধার করতে সাহায্য করার জন্য সম্পূর্ণরূপে প্রতিশ্রুতিবদ্ধ হয়েছি," **গভর্নর হোচুল বলেছেন।** "সংস্থানগুলির জন্য আবেদন করতে এই সম্প্রসারণের মাধ্যমে, যে সব বঞ্চিত নিউ ইয়র্কবাসীরা অকস্থলে FEMA ত্রাণ এবং সম্প্রদায়ের সংস্থাগুলির জন্য অযোগ্য তারা এখন তাদের পুনর্নির্মাণের জন্য প্রয়োজনীয় তহবিল পেতে আবেদন করার জন্য প্রয়োজনীয় সমস্ত তথ্য সংগ্রহ করতে পারেন।"

এই সম্প্রসারণটি সহায়তা বিতরণের যৌথ প্রচেষ্টায় এই অলাভজনক সংস্থাগুলিকে সমর্থন করার রাজ্যের প্রতিশ্রুতিকে জোরদার করে তোলে এবং যাদের এই সহায়তার জন্য আবেদন

করা প্রয়োজন তাদের তথ্য ও ডকুমেন্টগুলি সংগ্রহ করার জন্য আরও সময় প্রদান করে। 30 নভেম্বর পর্যন্ত, 1,800 জনেরও বেশি ব্যক্তি এই প্রোগ্রাম সম্পর্কে যোগাযোগ করেছেন এবং এই প্রাথমিক পরিচিতিগুলির মধ্যে 403-টি পরিবার আবেদন জমা দিয়েছেন এবং 507-টি পরিবার FEMA তহবিলের জন্য যোগ্যতা অর্জন করেছেন এবং তারপর তাদের সেখানে রেফার করা হয়েছে। আজ পর্যন্ত, 54-টি পরিবার আনুমানিক 228,376 ডলার পেয়েছেন। অতিরিক্ত 31-টি পরিবারের আবেদন অনুমোদিত হয়েছে এবং তাদের অর্থপ্রদান করা বাকি রয়েছে। অরেঞ্জ কাউন্টিকে দুর্যোগের ঘোষণায় অন্তর্ভুক্ত করা হয়েছে এবং এই কাউন্টির প্রভাবিত বাসিন্দাদের অফিস ফর নিউ আমেরিকান্স (Office for New Americans, ONA) হটলাইনে যোগাযোগ করা উচিত।

নিম্নলিখিত সংস্থাগুলি সহায়তা প্রদান করছে:

ব্রঙ্কস - ক্যাথলিক চ্যারিটিস কমিউনিটি সার্ভিসেস (Catholic Charities Community Services), 402 ইস্ট 152তম স্ট্রিট, ব্রঙ্কস, NY 10455
ব্রুকলিন - চাইনিজ আমেরিকান প্ল্যানিং কাউন্সিল (Chinese American Planning Council), 4101 8ম অ্যাভিনিউ, 4 তল, ব্রুকলিন, NY 11232
কুইন্স – মিনকওন, 133-29 41তম অ্যাভিনিউ, সুইট 202, ফ্লাশিং, NY 11355
কুইন্স - মেক দ্য রোড, 92-10 রুজভেল্ট অ্যাভিনিউ, জ্যাকসন হাইটস, NY 11372
স্টেটেন আইল্যান্ড - মেক দ্য রোড, 161 পোর্ট রিচমন্ড অ্যাভিনিউ, স্টেটেন আইল্যান্ড, NY 10302
নাসাউ - নাসাউ কাউন্টির ইকোনমিক অপরচুনিটি কমিশন, 134 জ্যাকসন স্ট্রিট, হেম্পস্টেড, NY 11550
সাফোক - মেক দ্য রোড, 1090 সাফোক অ্যাভিনিউ, ব্রেন্টউড, NY 11717
ওয়েস্টচেস্টার এবং রকল্যান্ড – নেবার্সলিংক , 27 কলাম্বাস অ্যাভিনিউ, মাউন্ট কিস্কো, NY 10549

ভারপ্রাপ্ত সেক্রেটারি অফ স্টেট ব্রেন্ডন সি হিউস বলেছেন, "হারিকেন ইডার অবশিষ্টাংশ তার পরে অনেকের ঘরবাড়ি এবং জীবিকা ধ্বংস করেছে এবং কয়েক মাস পরে জরুরী পরিস্থিতি এবং দুর্যোগের পরিণামে প্রভাবিত ব্যক্তিরা এখনও তাদের পুনর্নির্মাণের জন্য প্রয়োজনীয় সহায়তা পেতে মৌলিক তথ্যর পরিচালনা করার চেষ্টা করছে। গভর্নর হোচুলের নেতৃত্বকে ধন্যবাদ, অফিস ফর নিউ আমেরিকানস (Office for New Americans) সব চেয়ে দুর্বল সম্প্রদায়গুলিকে তাদের জীবনযাপন পুনরুদ্ধারের জন্য ইডা ত্রাণের তহবিলের প্রয়োজনে তাদের সাহায্য করার জন্য প্রয়োজনীয় সহায়তা প্রদান করা চালিয়ে যাবে।"

অ্যাসেম্বলির সদস্যা ক্যাটালিনা ক্রুজ বলেন, "গভর্নর হোচুল ইডা ত্রাণের তহবিলের বরাদ্দকরণের মাধ্যমে আমাদের প্রতিবেশীদের সমর্থন করার জন্য একটি বিশাল পদক্ষেপ নিয়েছেন। বঞ্চিত শত শত পরিবাররা ইতিমধ্যে আবেদন করতে এগিয়ে এসেছে। কিন্তু এই বিপর্যয়ের প্রকৃতির প্রেক্ষিতে, অন্য অনেকের সম্ভবত আরও সময় প্রয়োজন। আমি গভর্নর হোচুলকে এই প্রয়োজনীয় সম্প্রসারণের জন্য ধন্যবাদ জানাই এবং আমি এক সাথে এর মাধ্যমে কাজ চালিয়ে যাওয়ার জন্য উন্মুখ।"

ক্যাথোলিক চ্যারিটিস অফ নিউ ইয়র্কের (Catholic Charities of New York) নির্বাহী পরিচালক মনসিগনিওর কেভিন সুলিভান বলেছেন, "ক্যাথলিক চ্যারিটিগুলি খুব ভালভাবে জানে যে প্রায়শই, একটি দুর্যোগের কিছু বছর পরেও, দুঃখজনকভাবে এমন পরিবার এবং মানুষ আছেন যারা এই ধরনের ঘটনার পরিণতির সাথে এখনও মোকাবিলা করে চলেছেন। আমরা কৃতজ্ঞ যে গভর্নর হোচুল হারিকেন ইডার ত্রাণের তহবিল প্রসারিত করেছেন যা আমাদের তাদের জন্য সেবা চালিয়ে যেতে দিচ্ছে যাদের তা প্রয়োজন।"

নেবারস লিঙ্কের (Neighbors Link) নির্বাহী পরিচালক ক্যারোলা ওটেরো ব্র্যাকো বলেছেন, "ইডা ত্রাণের তহবিলের সম্প্রসারণ, যাতে ঝড়ে-প্রভাবিত এলাকাগুলির মানুষরা অভিবাসনের অবস্থা, আবাসনের পরিস্থিতি বা বীমার জন্য অর্থ প্রদানের ক্ষমতা নির্বিশেষে প্রয়োজনীয় সহায়তা পান তা নিশ্চিত করার জন্য একটি প্রয়োজনীয় পদক্ষেপ। অনেক বঞ্চিত বাসিন্দারা অপরিহার্য কর্মী হিসাবে কাজ করেছেন এবং আমাদের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন, কিন্তু প্রায়শই বেশিরভাগ সরকারি ত্রাণের ধরন থেকে বঞ্চিত হয়েছেন এবং তাদের এই সাহায্যের জন্য আবেদন করতে অতিরিক্ত সময় এবং সহায়তার প্রয়োজন হতে পারে। আবেদন করার জন্য যাতে বাসিন্দাদের যাতে প্রয়োজনীয় সময় এবং সংস্থান থাকে তা নিশ্চিত করতে প্রোগ্রামটি বাড়ানোর জন্য নেবার্স লিংক গভর্নর হোচুলের কাছে কৃতজ্ঞ।"

মেক দ্য রোডের (Make the Road) সহ-নির্বাহী পরিচালক থিও ওশিরো বলেছেন, "ইডার ত্রাণের তহবিল হল সেই বঞ্চিত নিউ ইয়র্কবাসীদের জন্য একটি গুরুত্বপূর্ণ সংস্থান যারা হারিকেন ইডার ফলে সব চেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছেন৷ এই সম্প্রসারণটি আমাদের সম্প্রদায়গুলির জন্য খুবই ভাল খবর, কারণ আমাদের প্রতিবেশীরা তাদের প্রয়োজনীয় সাহায্য পান তা যতটা সম্ভব নিশ্চিত করতে আরও সময় দেয়।"

নাসাউ কাউন্টির অর্থনৈতিক সুযোগের কমিশনের (Economic Opportunity Commission of Nassau County) ভারপ্রাপ্ত নির্বাহী পরিচালক এরিক পলসন বলেছেন, "নাসাউ কাউন্টি ইনকর্পোরেটেডের (Nassau Country, Inc.) EOC হারিকেন ইডার ত্রাণের তহবিল 4 জানুয়ারি পর্যন্ত বাড়ানো হয়েছে শুনে আনন্দিত৷ এটি নাসাউ কাউন্টি, ইনকর্পোরেটেডের EOC-কে হারিকেন ইডা দ্বারা ক্ষতিগ্রস্ত/প্রভাবিত ব্যক্তিদের সহায়তা করা চালিয়ে যেতে দেবে। আমরা যে ব্যক্তিদের এবং পরিবারগুলিকে সহায়তা করেছি তারা অত্যন্ত কৃতজ্ঞ কারণ তাদের অন্য কোন বিকল্প ছিল না। অস্থায়ী আবাসন প্রদান করা এবং তাদের গুরুত্বপূর্ণ চাহিদা মেটানোর ক্ষেত্রে এটি তাদের জন্য একটি লাইফলাইন ছিল। আমরা যতটা সম্ভব ব্যক্তিদের এবং পরিবারগুলিকে সহায়তা করার জন্য আমাদের মিশনকে চালিয়ে যাওয়ার জন্য উন্মুখ।"

মিনকওন সেন্টার ফর কমিউনিটি অ্যাকশনের (MinKwon Center for Community Action) নির্বাহী পরিচালক জন পার্ক বলেছেন, "মিনকওন সেন্টার ফর কমিউনিটি অ্যাকশন বহু বা আমাদের সব চেয়ে দুর্বল অভিবাসী নিউ ইয়র্কবাসীদের জন্য গুরুত্বপূর্ণ ইডা ঝড়ের ত্রাণের লাইফলাইনের সম্প্রসারণকে সাধুবাদ জানায়। মহামারীর শুরুতে, বঞ্চিত রেস্তোরাঁ, ডেলিভারি এবং ফ্রন্টলাইন স্বাস্থ্যসেবার কর্মীরা আমাদের এবং আমাদের প্রতিবেশীদের

পরিচর্যার জন্য এগিয়ে এসেছিলেন। আপনি কে বা আপনার অভিবাসনের স্থিতি কি তাতে কিছু যায় আসে না, নিউ ইয়র্কবাসীরা একে অপরের যত্ন নেয়। এটি একটি অবিশ্বাস্য সংস্থান যা যারা ক্ষতিগ্রস্ত হয়েছেন তাদের জন্য রূপান্তরকারী, এবং বঞ্চিত নিউ ইয়র্কবাসীদের জন্য যোগ্য কয়েকটির মধ্যে একটি। মিনকওন সেন্টার এই গুরুত্বপূর্ণ সংস্থানকে সমর্থন করে এবং যোগ্য আবেদনকারীদের আবেদন করতে উৎসাহিত করে।"

চাইনিজ-আমেরিকান প্ল্যানিং কাউন্সিল ইনকর্পরটেডের (Chinese-American Planning Council, Inc.) প্রেসিডেন্ট ও সিইও ওয়েন হো বলেছেন, "CPC সন্তুষ্ট যে রাজ্যের অফিস ফর নিউ আমেরিকানস এবং মেয়রের কার্যালয় বঞ্চিত সম্প্রদায়ের সদস্যদের জন্য হারিকেন ইডার ত্রাণ তহবিলের সময়সীমা বাড়িয়েছে। হারিকেনের ফলে আমাদের অভিবাসী প্রতিবেশীরা অসামঞ্জস্যপূর্ণভাবে প্রভাবিত হয়েছিলেন, যার মধ্যে এশিয়ান আমেরিকানরা রয়েছেন যারা হারিকেনের ফলে বেসমেন্টের মৃত্যুর বিশাল সংখ্যাগরিষ্ঠতা তৈরি করে। আমরা সমস্ত ব্যাকগ্রাউন্ডের নিউ ইয়র্কবাসীদের সহায়তার জন্য CPC-এর সাথে যোগাযোগ করতে উৎসাহিত করি।"

অলাভজনক অংশীদার সংস্থাগুলি 27 সেপ্টেম্বর, 2021 থেকে সহায়তা প্রদান করছে এবং আবেদন গ্রহণ করছে। এই প্রোগ্রামের জন্য যোগ্যতা অর্জনের জন্য, আবেদনকারীদের অবশ্যই ক) নিজেরা FEMA সহায়তার জন্য অযোগ্য হতে হবে এবং খ) তাদের পরিবারে এমন কোন ব্যক্তি থাকতে পারবে না যিনি সহায়তার জন্য যোগ্য।

সহায়তার সাথে সংযুক্ত হতে, প্রভাবিত বাসিন্দাদের ONA হটলাইনে কল করা উচিত 1-800-566-7636 নম্বরে সকাল 9:00 থেকে রাত 8:00, সোমবার থেকে শুক্রবার পর্যন্ত বা তারা অংশীদার অলাভজনক সংস্থাগুলিতে যেতে পারেন। হটলাইন সহায়তা 200-টিরও বেশি ভাষায় উপলব্ধ।

গভর্নর হোচুল পূর্বে ক্ষতিগ্রস্থ নিউ ইয়র্কবাসীদের জন্য নতুন অনলাইন রিসোর্স হাব চালু করার কথা ঘোষণা করেছিলেন, তা পাওয়া যাবে এখানে। হাবে উপলব্ধ সহায়তা কর্মসূচি এবং কোথায় আশ্রয় ও খাবারের মতো পরিষেবাগুলি খুঁজে পাওয়া যাবে সেই সংক্রান্ত তথ্য দেয়। নিউ ইয়র্কবাসীদের জন্য আরও সামগ্রী উপলব্ধ হলে সেই সমস্ত তথ্যগুলো সাইটে আপডেট করা হবে।

নিউ ইয়র্ক স্টেট অফিস ফর নিউ আমেরিকান্স, যা 2012 সালে প্রতিষ্ঠিত, হল দেশের প্রথম বিধিবদ্ধভাবে তৈরি অভিবাসী পরিষেবার অফিস। ONA সমস্ত নতুন আমেরিকানদের বিভিন্ন ধরনের বিনামূল্যের পরিষেবা অ্যাক্সেস এবং নেভিগেট করতে সহায়তা করে এবং সম্প্রদায়ভিত্তিক প্রদানকারীদের তার রাজ্যব্যাপী নেটওয়ার্কের মাধ্যমে সহায়তা করে।

সহায়তার প্রয়োজন এমন অভিবাসীদের জন্য বা ONA-এর প্রোগ্রামগুলির সাথে সংযোগ করতে, নিউ আমেরিকানস হটলাইনে কল করুন 1-800-566-7636 নম্বরে সকাল 9:00 থেকে রাত 8:00 পর্যন্ত, সোমবার থেকে শুক্রবার। সমস্ত কল গোপনীয় রাখা হয়। 200 টির বেশি ভাষায়

সাহায্য পাওয়া যাবে। আরো তথ্য এখানে পাবেন। ONA কে টুইটারে অনুসরণ করুন @NYSNewAmericans এ বা ফেসবুকে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন